দৈনিক জনকণ্ঠ

DEC. 30 2001
তারিখ ...
পৃষ্ঠা ৭ কলাম ৪

# এককালীন অর্থপ্রাপ্তি পেনশন হতে পারে না ॥ শিক্ষক ফেডারেশন

গত শনিবার দৈনিক জনকণ্ঠে প্রকাশিত 'আড়াই লাখ বেসরকারী শিক্ষক কর্মচারীর জন্য এককালীন অবসর ভাতা চালু হবে' শিরোনামে প্রকাশিত খবর সম্পর্কে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন প্রতিক্রিয়া ব্যক্ত করেছে। ফেডারেশন

(২- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

## এককালীন অর্থপ্রাপ্তি

(প্রথম পাতার পর)

নেতৃবৃন্দ এক বিবৃতিতে বলেছেন এককালীন অর্থপ্রাপ্তি পেনশন হতে পারে না। সরকারী শিক্ষক-কর্মচারীদের অনুরূপ পেনশন সুবিধা দেয়া হলেই কেবল ফেডারেশনের কাছে তা অভিনন্দনযোগ্য হবে। বিবৃতিতে বলা হয়, এককালীন অবসর ভাতা প্রদান করা হচ্ছে বলে জনকণ্ঠে যে খবর প্রকাশিত হয়েছে তা শিক্ষকসমাজের আশা-আকাঙ্ক্ষার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। এককালীন অর্থ দেয়াকে পেনশন বলা যায় না উল্লেখ করে তাঁরা বলেন, বাস্তবে তা হচ্ছে গ্রাচুইটি। কল্যাণ ট্রাস্ট থেকে এককালীন যে অর্থ দেয়া হচ্ছে তার সঙ্গে কথিত এককালীন অবসর ভাতার কোন পার্থক্য নেই। কল্যাণ ট্রাস্ট থেকেও এককালীন ৭৫ মাসের সমপরিমাণ অর্থ প্রদানের ব্যবস্থা করা সম্ভব। তাই ফেডারেশনের সুস্পষ্ট বক্তব্য হচ্ছে- পেনশন বলতে পুরোপুরি সরকারী শিক্ষকদের অনুরূপ সুযোগ-সুবিধা বোঝায় এবং সেটিই শিক্ষকসমাজের প্রাণের দাবি। এ ক্ষেত্রে গোঁজামিলের কোন সুযোগ নেই। বিবৃতিতে স্বাক্ষর করেন ফেডারেশনের সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, অধ্যক্ষ একেএম জহিরুল ইসলাম, অধ্যক্ষ আসাদুল হক, মোহাম্মদ আজিজুল ইসলাম, খান মোশাররফ হোসেন প্রমুখ।